

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
মেন্টনবাণিচা, ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৭ জৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ / ১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২০০-আইন/২০১০/৫৪৯-মূসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ)-তে প্রদত্ত শ্বেতাবলৈ জাতীয় রাজস্ব বোর্ড উহার ১৫ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ২৯ জুন, ২০০৮ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৮৯-আইন/২০০৮/৮৯১-মূসক বহিত্ত্বে নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোডের আওতাধীন কলাম (৩) এ বর্ণিত করযোগ্য সেবার, পরিধি নির্ধারণের লক্ষ্যে, ব্যাখ্যা প্রদান করিল, যথাঃ-

“টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	করযোগ্য সেবা
(১)	(২)	(৩)
S001	S001.০০	হোটেল ও রেস্টোরাঁ
	S001.১০	হোটেলঃ
		ব্যাখ্যা।— “হোটেল” অর্থ, কোন ক্লাবসহ, এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে সাময়িকভাবে অবস্থানের জন্য কোন কক্ষ বা কক্ষসমূহের স্থাট বা অন্য কোন ধরনের আবাসন, উহাতে ক্যাটারিং এর ব্যবস্থা অথবা যে কোন নামে অভিহিত অন্য কোন সেবা, সুবিধা বা উপযোগিতার ব্যবস্থা থাকুক বা না থাকুক, ভাড়া দেওয়া হয় এবং ফোর শো প্রদর্শনকারী কোন প্রতিষ্ঠানও এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে।
	S001.২০	রেস্টোরাঁঃ
		ব্যাখ্যা।— “রেস্টোরাঁ” অর্থ, কোন ক্লাবসহ, এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে অথবা যে কোন নামে অভিহিত অন্য কোন সেবা, সুবিধা বা উপযোগিতা প্রদান করা হউক বা না হউক, উহাতে বা অন্যত্র ভোগের উদ্দেশ্যে কোন খাদ্য বা পানীয় বিক্রয় করা হয়; এবং ফোর শো প্রদর্শনকারী প্রতিষ্ঠানসহ যান্ত্রিক যানে পরিচালিত ঘোরাইল রেস্টোরাঁও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S002	S002.০০	ডেকোরেটেরস ও ক্যাটারার্সঃ
		ব্যাখ্যা।— “ডেকোরেটেরস ও ক্যাটারার্স” অর্থ কোন দোকান,

ফার্ম, প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গ যাহা বা যাহারা নিম্নোক্ত এক বা একাধিক সেবা প্রদান করিয়া থাকে, যথা:-

- (ক) ফুল, ফেস্টুন, বাণিং, রঙিন কাগজ, কাপড় বা অন্য কোন উপকরণ, যে কোন ধরনের বৈদ্যুতিক বাতি, তোরণ, প্যানেল বা সাময়িক দ্বারা কোন প্রাঙ্গণ, ভবন, মাঠ অথবা যানবাহন সজ্জিতকরণ; অথবা
- (খ) আসবাবপত্র বা ফিল্ট্রচারস দ্বারা কোন ভবন, প্রাঙ্গণ বা মাঠ সজ্জিতকরণ; অথবা
- (গ) যে কোন ধরনের উৎসব বা অনুষ্ঠানে লিনেন, ফ্রোকারিজ, কাটলারিং বা বাসনপত্র সরবরাহকরণ; অথবা
- (ঘ) কোন খাদ্য সামগ্রী বা পানীয় প্রস্তুত, সরবরাহ বা পরিবেশনকরণ বা যে কোন ধরনের আপ্যায়ন।

S003	S003.00	মোটর গাড়ীর গ্যারেজ, ওয়ার্কসপ এবং ডকইয়ার্ডঃ
	S003.10	মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কসপঃ
	S003.20	ডকইয়ার্ডঃ
		ব্যাখ্যা।- “মোটর গাড়ীর গ্যারেজ, বা ওয়ার্কসপ” এবং “ডকইয়ার্ড” অর্থ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা স্থান যেখানে যে কোন প্রকারের যানবাহন বা নৌযান মেরামত, রূপান্তর (কনভার্সন) বা সার্ভিসিং করা হয় অথবা উহাদের যন্ত্রাংশের বা আকৃতির কোন পরিবর্তন করা হয়।
S008	S008.00	নির্মাণ সংস্থাঃ
		ব্যাখ্যা।- (১) “নির্মাণ সংস্থা” অর্থ এমন কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি যাহা বা যিনি বাণিজ্যিক ভিত্তিতে ভবন, যোগাযোগ মাধ্যম, পরিবহণ, সড়ক, মহাসড়ক, সেতু বা অন্য যে কোন ধরনের অবকাঠামো নির্মাণ, মেরামত বা রক্ষণাবেক্ষণ করিয়া থাকে বা থাকেন; এবং কোন অবকাঠামোর সহিত সংযুক্ত হয় বা উহার অংশ হিসাবে ব্যবহৃত হয় এইরূপ যে কোন ধরনের স্থায়ী বা অস্থায়ী সংস্থাপনও (যেমনঃ শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা, ফ্ল্যাসিলিং, লিফট ইত্যাদি) ইহার অন্তর্ভুক্ত হইবে।
S005	S005.00	পণ্যাগার ও বন্দরঃ
	S005.10	পণ্যাগারঃ
		ব্যাখ্যা।- “পণ্যাগার” অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যাবিধ স্থান যেখানে যেকোন পণ্য পণ্যের বিনিময়ে বা অন্যাকোনভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়; উক্তরূপ যে কোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকাণ্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোন পণ্যের নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকাণ্ড এই সেবার অন্তর্ভুক্ত হইবে।

S005.২০ বন্দরঃ

ব্যাখ্যা।— “বন্দর” অর্থ এমন কোন উন্মুক্ত বা অন্যবিধ স্থান যেখানে আমদানিকৃত বা রপ্তানিযোগ্য যে কোন পণ্য পণের বিনিময়ে বা অন্যকোনভাবে মজুদ বা সংরক্ষণের ব্যবস্থা করা হয়; উক্তরূপ যে কোন পণ্য মজুদ বা সংরক্ষণের সহায়ক প্রত্যক্ষ ও পরোক্ষ সকল প্রস্তুতিমূলক কর্মকাণ্ডসহ মজুদকৃত অথবা সংরক্ষিত উক্তরূপ কোন পণ্যের নিরাপত্তা ক্ষ্যানিং সেবাসহ পণ্য চালানের নিষ্পত্তি বিষয়ক সকল কর্মকাণ্ড এবং এতদুদ্দেশ্যে পরিচালিত আইসিডি (ICD-Inland Container Depot) এবং সিএফএস (CFS-Container Freight Station) ও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।”

S006 S006.০০ হিমাগারঃ

ব্যাখ্যা।— “হিমাগার” অর্থ এমন কোন স্থান যেখানে তাপ নিয়ন্ত্রণ পদ্ধতিতে বা অন্য কোন পদ্ধতিতে পণ্যের গুণগতমান অপরিবর্তিত রাখার জন্য বাণিজ্যিক ভিত্তিতে কোন পণ্য সংরক্ষণের ব্যবস্থা রাখিয়াছে।

S007 S007.০০ বিজ্ঞাপনী সংস্থাঃ

ব্যাখ্যা।— “বিজ্ঞাপনী সংস্থা” অর্থ কোন পণ্যের বা সেবার প্রচারণার বা অন্য কোন প্রচারনার উদ্দেশ্যে, বাণিজ্যিক ভিত্তিতে যে কোন নামের বা ধরনের বিজ্ঞাপন প্রস্তুতকরণে বা উক্ত উদ্দেশ্যে প্রস্তুতকৃত কোন বিজ্ঞাপন যে কোন মাধ্যমে বা অন্য কোন পছায় প্রচারকরণে বা প্রচার কার্যে সহায়তা করণে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S008 S008.০০ ছাপাখানা ও বাঁধাই সংস্থাঃ

S008.১০ ছাপাখানাঃ

ব্যাখ্যা।— “ছাপাখানা” অর্থ কোন পুস্তক বা পত্রিকা ছাপার কাজে অথবা অন্য যে কোন নামের বা ধরনের ছাপার কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।

S008.২০ বাঁধাই সংস্থাঃ

ব্যাখ্যা।— “বাঁধাই সংস্থা” অর্থ কোন পুস্তক, পত্রিকা বা অন্য কোন দলিল দস্তাবেজ বা খাতাপত্র বাঁধাইয়ের কাজে নিয়োজিত প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।

S009 S009.০০ নিলামকারী সংস্থাঃ

ব্যাখ্যা।— “নিলামকারী সংস্থা” অর্থ সরকারী এবং বেসরকারী নিলামের আয়োজনে বা পরিচালনা কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।

S010	S010.00	ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থাঃ
	S010.10	ভূমি উন্নয়ন সংস্থাঃ ব্যাখ্যা।— “ভূমি উন্নয়ন সংস্থা” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ত্রয়ৰূপ বা অন্য যে কোন উপায়ে প্রাণ ভূমির বাণিজ্যিক উদ্দেশ্যে উন্নয়ন সাধন বা চুক্তির মাধ্যমে ভূমির উন্নয়ন সাধনপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোন ভাবে পণের বিনিময়ে উক্ত উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
	S010.20	ভবন নির্মাণ সংস্থাঃ ব্যাখ্যা।— “ভবন নির্মাণ সংস্থা” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ত্রয়ৰূপ বা অন্য যে কোন উপায়ে প্রাণ ভূমির উপর ভবন নির্মাণপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোন ভাবে পণের বিনিময়ে বাণিজ্যিক ভিত্তিতে উক্ত নির্মিত ভবন বিক্রয় অথবা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S011	S011.00	ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও অডিও রেকর্ডিং সপ, ভিডিও ও অডিও সিডি ভাড়া প্রদানকারী সপঃ
	S011.10	ভিডিও ক্যাসেট সপঃ
	S011.20	ভিডিও গেম সপঃ
	S011.30	ভিডিও, অডিও রেকর্ডিং সপঃ
	S011.80	ভিডিও ও অডিও সিডি ভাড়া প্রদানকারী সপঃ ব্যাখ্যা।— “ভিডিও ক্যাসেট সপ, ভিডিও গেম সপ, ভিডিও অডিও রেকর্ডিং সপ, ভিডিও এবং অডিও সিডি ভাড়া প্রদানকারী সপ” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ভিডিও ক্যাসেট বা ভিডিও গেম বা ভিডিও ও অডিও সিডি বিক্রয় অথবা উহা সাময়িকভাবে ব্যবহারের সুযোগ প্রদান অথবা ভিডিও বা অডিও বা ভিডিও ও অডিও সিডি রেকর্ডিং এর কাজে নিয়োজিত কোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি।
“S012	S012.00	টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা ও সিম কার্ড সরবরাহকারীঃ
	S012.10	টেলিফোনঃ
	S012.11	টেলিপ্রিন্টারঃ
	S012.12	টেলেক্সঃ
	S012.13	ফ্যাক্সঃ
	S012.14	ইন্টারনেট সংস্থাঃ ব্যাখ্যা।— “টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স বা ইন্টারনেট সংস্থা” অর্থ টেলিফোন, টেলিপ্রিন্টার, টেলেক্স, ফ্যাক্স

বা ইন্টারনেট এর মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে যোগাযোগ স্থাপন,
তথ্য বা উপাত্ত আদান-প্রদানের ব্যবস্থাকারী কোন ব্যক্তি,
প্রতিষ্ঠান বা সংস্থা।

S012.20	সিম কার্ড সরবরাহকারী	ব্যাখ্যা।— “সিম কার্ড সরবরাহকারী” অর্থ পণের বিনিময়ে Subscriber's Identity Module (SIM) কার্ড, Removable User Identification Module (RUIM) কার্ড বা অনুরূপ অন্য কোন Microchip সহলিত কার্ডের মাধ্যমে সেলুলার (Mobile/Fixed Wireless) টেলিফোন সংযোগ প্রদানকারী সংস্থা; এবং একই উদ্দেশ্য প্রৱণকল্পে উল্লিখিত কার্ড ব্যতীত Code Division Multiple Access (CDMA) বা অনুরূপ অন্য কোন পদ্ধতি ব্যবহারও এই সেবার অন্তর্ভুক্ত হইবে।”
S013	যান্ত্রিক লন্ড্রি:	ব্যাখ্যা।— “যান্ত্রিক লন্ড্রি” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে যান্ত্রিক পদ্ধতিতে কোন পোষাক, পরিচ্ছদ বা উহার অংশ বিশেষ বা যে কোন ধরনের বস্ত্র, আ ছাদন বা মোড়ক ধোলাই, ইঞ্জি, রং, রিপু, কাটা বা পলিস করার কার্যে নিয়োজিত কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা।
S018	ইন্ডেনচিং সংস্থা:	ব্যাখ্যা।— “ইন্ডেনচিং সংস্থা” অর্থ দেশী বা বিদেশী ক্রেতা এবং বিক্রেতার মধ্যে বাণিজ্যিক ভিত্তিতে পণ্য বা সেবা ক্রয়-বিক্রয় বা আদান-প্রদান সম্পর্কিত যোগাযোগ স্থাপন অথবা অনুরূপ ক্রয়-বিক্রয় বা আদান-প্রদান সংক্রান্ত চুক্তি সম্পাদনে প্রয়োজনীয় সমন্বয় কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা।
S015	ফ্রেইট ফরোয়ার্ডার্স এবং ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা :	ব্যাখ্যা।— “ফ্রেইট ফরোয়ার্ডার্স” অর্থ পণের বিনিময়ে পণ্য মোড়কজাতকরণ বা অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত কোন পণ্য বুকিং এর মাধ্যমে গন্তব্যস্থলে প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন ব্যবসা সংক্রান্ত কার্য সম্পাদনকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S015.10	ফ্রেইট ফরোয়ার্ডার্স :	ব্যাখ্যা।— “ফ্রেইট ফরোয়ার্ডার্স” অর্থ পণের বিনিময়ে পণ্য মোড়কজাতকরণ বা অন্যের দ্বারা মোড়কজাতকৃত বা মোড়কজাতকরণ ব্যতীত কোন পণ্য বুকিং এর মাধ্যমে গন্তব্যস্থলে প্রেরণের জন্য বাণিজ্যিক ভিত্তিতে পরিবহন ব্যবসা সংক্রান্ত কার্য সম্পাদনকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S015.20	ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা :	ব্যাখ্যা।— “ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং সংস্থা” অর্থ বিদেশ হইতে আমদানিকৃত বা বিদেশে রপ্তানিযোগ্য কোন পণ্য পণের বিনিময়ে বা খোদ খালাসী (self clearance) এর উদ্দেশ্যে শুল্ক আনুষ্ঠানিকতা সম্পন্ন করার লক্ষ্যে Customs Act, 1969 (IV of 1969) এর section 207 এর অধীন লাইসেন্স প্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S016	S016.00	ট্রাভেল এজেন্সি: ব্যাখ্যা।— “ট্রাভেল এজেন্সি” অর্থ কমিশন ভিত্তিতে কোন যাত্রী পরিবহণ প্রতিষ্ঠানের পক্ষে যাত্রী সাধারণের নিকট এক স্থান হইতে অন্য স্থানে যাতায়াতের জন্য টিকিট বিক্রয় কার্যে নিয়োজিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা।
S017	S017.00	কম্যুনিটি সেন্টারঃ ব্যাখ্যা।— “কম্যুনিটি সেন্টার” অর্থ বিবাহ, জন্মদিন, সেমিনার, সিম্পোজিয়াম বা অন্য কোন সাংস্কৃতিক, সামাজিক বা রাজনৈতিক অনুষ্ঠান সম্পাদনের নিমিত্ত সাময়িকভাবে ভাড়া প্রদত্ত কোন ভবন বা প্রাঙ্গন। অনুষ্ঠান সম্পাদন সংক্রান্ত কার্যাবলীর মধ্যে খাদ্য পরিবেশনও অন্তর্ভুক্ত হইবে।
S018	S018.00	চলচিত্র টুডিওঃ ব্যাখ্যা।— “চলচিত্র টুডিও” অর্থ চলচিত্র রেকর্ডিং এর সুবিধা সম্বলিত কোন স্থান, প্রাঙ্গণ বা ভবন যাহা অর্থের বিনিময়ে ব্যবহার করার সুযোগ প্রদান করা হয়।
S019	S019.00	ফটো নির্মাতাঃ ব্যাখ্যা।— “ফটো নির্মাতা” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে রঙিন বা সাদাকালো ফটো প্রস্তুতকরণ বা ফিল্ম প্রক্রিয়াকরণে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা।।
“S020	S020.00	জরিপ সংস্থাঃ ব্যাখ্যা।— “জরিপ সংস্থা” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে আমদানিকৃত, রপ্তানিত্বয়, দেশের অভ্যন্তরে মজুদকৃত বা সরবরাহকৃত পণ্যের জরিপ কার্যে অথবা বীমা সংক্রান্ত জরিপ কার্যে অথবা ভূমি জরিপসহ সকল প্রাকৃতিক, আর্থিক, মানব ও কারিগরি সম্পদ পরিমাপ বা জরিপ কার্যে বা আর্থ-সামাজিক জরিপ কার্যে বা অন্য যে কোন জরিপ কার্যে নিয়োজিত যে কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, এবং পণ্যের বিনিময়ে যে কোন ধরনের ভৌত বা রাসায়নিক পরীক্ষা সম্পাদনকারী বা যে কোন বিষয়ের সম্ভাব্যতা যাচাইকারী বা কোনো প্রতিষ্ঠানের মান (standardization) প্রত্যয়ন বা পারফরমেন্স অডিট সম্পাদনকারী প্রতিষ্ঠান এবং মেরিন সার্ভেয়ার প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S021	S021.00	প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থাঃ ব্যাখ্যা।— “প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা” অর্থ অর্থের বিনিময়ে কোন প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে ব্যবহারের সুযোগ প্রদানকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S022	S022.00	মিষ্টান্ন ভাস্তরঃ ব্যাখ্যা।— “মিষ্টান্ন ভাস্তর” অর্থ মিষ্টান্ন বা মিষ্টান্নজাতীয় খাদ্য সামগ্ৰী প্ৰস্তুতকৰণ বা বিক্ৰয়ে নিয়োজিত কোন ব্যক্তি, প্ৰতিষ্ঠান বা সংস্থা।
S023	S023.10	চলচ্চিত্ৰ প্ৰদৰ্শক (প্ৰেক্ষাগৃহ)ঃ ব্যাখ্যা।— “চলচ্চিত্ৰ প্ৰদৰ্শক” অর্থ দৰ্শকদেৱ উপভোগেৰ জন্য বাণিজ্যিক ভিত্তিতে চলচ্চিত্ৰ প্ৰদৰ্শনকাৰী বা প্ৰদৰ্শনেৰ ব্যবস্থাপনাকাৰী কোন ব্যক্তি, প্ৰতিষ্ঠান বা সংস্থা।
	S023.20	চলচ্চিত্ৰ পৱিবেশকঃ ব্যাখ্যা।— “চলচ্চিত্ৰ পৱিবেশক” অর্থ চলচ্চিত্ৰ প্ৰযোজনা বা নিৰ্মাতা বা নিবেদক সংস্থা বা প্ৰতিষ্ঠানেৰ নিকট হইতে সংগ্ৰহীত চলচ্চিত্ৰ অৰ্থেৰ বিনিময়ে চলচ্চিত্ৰ প্ৰদৰ্শক (প্ৰেক্ষাগৃহ) বা সম্প্ৰচাৰ কৰ্তৃপক্ষ বা অন্য কোন ব্যক্তি বা সংস্থাৰ নিকট হস্তান্তৰকাৰী কোন ব্যক্তি, প্ৰতিষ্ঠান বা সংস্থা।
S028	S028.00	আসবাৰপত্ৰেৰ বিপণন কেন্দ্ৰঃ ব্যাখ্যা।— “আসবাৰপত্ৰেৰ বিপণন কেন্দ্ৰ” অর্থ নিজস্ব প্ৰস্তুতকৃত বা অন্যেৰ দ্বাৰা প্ৰস্তুতকৃত যে কোন আসবাৰপত্ৰ পণেৰ বিনিময়ে বিক্ৰয়েৰ স্থান।
S025	S025.00	ওয়াসাঃ ব্যাখ্যা।— “ওয়াসা” অর্থ পানি সৱবৰাহ ও পয়ঃ নিষ্কাশন কৰ্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনেৰ ৬ নং আইন) এৰ ধাৰা ৩ এৰ অধীন প্ৰতিষ্ঠিত পানি সৱবৰাহ ও পয়ঃ নিষ্কাশন কৰ্তৃপক্ষ।
S026	S026.00	স্বৰ্ণকাৰ ও ৱোপ্যকাৰ এবং স্বৰ্ণেৰ ও ৱোপ্যেৰ দোকানদাৰ এবং স্বৰ্ণ পাকাকাৰীঃ ব্যাখ্যা।— (১) “স্বৰ্ণকাৰ ও ৱোপ্যকাৰ এবং স্বৰ্ণ ও ৱোপ্যেৰ দোকানদাৰ কৰ্তৃক প্ৰদত্ত সেবা” অর্থ মজুৱী বা সার্ভিস চাৰ্জেৰ বিনিময়ে স্বৰ্ণ বা ৱোপ্যেৰ কিংবা স্বৰ্ণ ও ৱোপ্যেৰ অলংকাৰ প্ৰস্তুত, মেৰামত, মজুদ বা বিপণন কাৰ্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্ৰতিষ্ঠান বা সংস্থা। (২) “স্বৰ্ণ পাকাকাৰী” অর্থ স্বৰ্ণ গচাইয়া বা পৱিষ্ঠাকাৰ কৰিয়া বা অন্য কোন পদ্ধতিতে তেজাবি স্বৰ্ণ বা স্বৰ্ণ পিণ্ড প্ৰস্তুত ও বিপণনকাৰী।
S027	S027.00	বীমা কোম্পানীঃ ব্যাখ্যা।— “বীমা কোম্পানী” অর্থ অগ্ৰি, নৌ, বিমান, মটৱ, ধাৰ্হণাত দুঃটিনাসহ অন্যান্য যে কোন দুঃটিনার ক্ষেত্ৰে বীমা পলিসি (জীবন বীমা পলিসি ব্যৱীত) এৰ মাধ্যমে ক্ষতিপূৰণ ব্যবস্থা সংক্ৰান্ত ব্যৱসা পৱিচালনায় নিয়োজিত কোন ব্যক্তি, প্ৰতিষ্ঠান বা সংস্থা।

- S028 S028.00 কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিসঃ**
ব্যাখ্যা।— “কুরিয়ার ও এক্সপ্রেস মেইল সার্ভিস” অর্থ দেশের অভ্যন্তরে অথবা দেশের বাহিরে অর্থের বিনিময়ে বার্তা, সংবাদ, তথ্য, দলিলপত্র, পণ্য বা পার্সেল (ওজনসীমা ১০ কেজি পর্যন্ত) প্রেরণে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা (সরকারী ডাক বিভাগ এবং সেবা শিরোনাম সংখ্যা S015 এ বর্ণিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা ব্যক্তিত), তবে সরকারী ডাক বিভাগ বা বেসরকারী যে কোন সংস্থা কর্তৃক প্রদত্ত এক্সপ্রেস মেইল ইহার অন্তর্ভুক্ত হইবে।
- S029 S029.00 চিকিৎসা প্রতিষ্ঠান, দস্ত চিকিৎসা কেন্দ্র এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরীঃ**
- S029.10 চিকিৎসা প্রতিষ্ঠান :**
ব্যাখ্যা।— “চিকিৎসা প্রতিষ্ঠান” অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে পণ্যের বিনিময়ে কোন মানুষের দৈহিক বা মানসিক বিষয়ে চিকিৎসার নিমিত্তে ব্যবস্থাপত্র, পরামর্শ প্রদান বা প্রয়োজনীয় প্যাথলজিক্যাল পরীক্ষা করা হয় বা চিকিৎসা সম্পর্কিত অন্য যে কোন ব্যবস্থা গৃহীত হয় এবং উপরি-উক্ত এক বা একাধিক সেবা প্রদানের জন্য অঙ্গীয় আবাসনের ব্যবস্থা করা হয়।
- তবে শর্ত থাকে যে, যেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থায় বিনামূল্যে বা দাতব্য ভিত্তিতে বা নামমাত্র মূল্যের বিনিময়ে উপরি-উক্ত কোন সেবা প্রদান বা আবাসনের ব্যবস্থা করা হয় সেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা এই সংজ্ঞার আওতা বহির্ভূত হইবে। এই ব্যাখ্যায় নামমাত্র মূল্য অর্থে মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত নয় এমন কোন চিকিৎসা প্রতিষ্ঠানের বহির্বিভাগে চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে সেবামূল্য অনধিক ৫০ টাকা এবং রোগীর দৈনিক শয়া ভাড়া অনধিক ১০০ টাকা হইতে হইবে।
- S029.20 দস্ত চিকিৎসা কেন্দ্র :**
ব্যাখ্যা।— “দস্ত চিকিৎসা কেন্দ্র” অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে অঙ্গীয় আবাসনের ব্যবস্থা থাকুক বা না থাকুক পণ্যের বিনিময়ে দস্ত বিষয়ক ব্যবস্থাপত্র ও পরামর্শ প্রদান বা প্যাথলজিক্যাল পরীক্ষা করা হয় বা চিকিৎসা সম্পর্কিত অন্য যে কোন ব্যবস্থা গৃহীত হয়।
- তবে শর্ত থাকে যে, যেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থায় বিনামূল্যে বা দাতব্য ভিত্তিতে বা নামমাত্র মূল্যের বিনিময়ে উপরি-উক্ত কোন সেবা প্রদান বা আবাসনের ব্যবস্থা করা হয় সেই সকল স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা এই সংজ্ঞার আওতা

বহির্ভূত হইবে। এই ব্যাখ্যায় নামমোত্র মূল্য অর্থে মুনাফা অর্জনের লক্ষ্যে পরিচালিত নয় এমন কোন দস্ত চিকিৎসা কেন্দ্রের বহির্বিভাগে চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে সেবামূল্য অনধিক ৫০ টাকা এবং রোগীর দৈনিক শয্যা ভাড়া অনধিক ১০০ টাকা হইতে হইবে।

S02৯.৩০ প্যাথলজিক্যাল ল্যাবরেটরী :

ব্যাখ্যা।— “প্যাথলজিক্যাল ল্যাবরেটরী” অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেখানে বাণিজ্যিক ভিত্তিতে আলট্রাসনিক পদ্ধতিতে বা ইলেক্ট্রনিক স্ক্যানিং এর মাধ্যমে বা অন্য যে কোন প্রক্রিয়ায় যে কোন শারীরবৃক্তীয় বা রোগ সম্পর্কিত পরীক্ষা নিরীক্ষা সম্পন্ন করা হয়।

S03০ S03০.০০ বিউটি পার্লারঃ

ব্যাখ্যা।— “বিউটি পার্লার” অর্থ এমন কোন স্থান, প্রতিষ্ঠান বা সংস্থা যেইখানে বাণিজ্যিক ভিত্তিতে নারী বা পুরুষ বা উভয়ের কেশসজ্জা, অঙ্গসজ্জা বা রূপসজ্জামূলক সেবা প্রদানের বা তদানুষঙ্গিক কোন সুযোগ-সুবিধা প্রদানের ব্যবস্থা রয়িয়াছে।

S03১ S03১.০০ পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাঃ

ব্যাখ্যা।— “পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা” অর্থ পণের বিনিময়ে নিজস্ব প্ল্যান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্যের মালিকানাধীন কোন করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S03২ S03২.০০ কনসালটেন্টী ফার্ম ও সুপারভাইজরী ফার্মঃ

ব্যাখ্যা।— “কনসালটেন্টী ফার্ম বা সুপারভাইজরী ফার্ম” অর্থ পণের বিনিময়ে যেকোন প্রারম্ভিক-সেবা প্রদানে নিয়োজিত কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান ধৰি কোন সম্মান্যতা যাচাই, প্রকল্প প্রণয়ন বা বাস্তবায়ন বা পরিকল্পনা প্রণয়ন বা বাস্তবায়নের প্রারম্ভ প্রদান করেন অথবা উহা বাস্তবায়নের তদাপকি করেন।

S03৩ S03৩.০০ ইজারাদারঃ

ব্যাখ্যা।— “ইজারাদার” অর্থ পণের বিনিময়ে কোন স্থান বা স্থাপনার অথবা কোন স্থাবর সম্পত্তি বা কোন স্থানে প্রবেশাধিকারের ইজারা প্রাপ্তকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং উক্তরূপ ইজারা প্রদান ব্যক্তিকে নিজস্ব ব্যবস্থা প্রদানয়া ইজারার স্থান বা স্থানান্তর টোল, ফি, হাসিল বা খাস সংগ্রহকারীও ইহার অন্তর্ভুক্ত হইবেন।

S038	S038.০০	অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্মঃ ব্যাখ্যা।— “অডিট এন্ড এ্যাকাউন্টিং ফার্ম” অর্থ পণের বিনিময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বার্ষিক বা কোন নির্দিষ্ট মেয়াদের আয়-ব্যয় নিরীক্ষা অথবা হিসাব পরীক্ষা বা সংরক্ষণের কাজে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S039	S039.০০	শিপিং এজেন্টঃ ব্যাখ্যা।— “শিপিং এজেন্ট” অর্থ Customs Act, 1969 এর section 2 (g) তে সংজ্ঞায়িত “conveyance” এর আগমন, অবস্থান ও প্রস্থানে সংশ্লিষ্ট ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং কোন বিদেশী শিপিং লাইনের স্থানীয় এজেন্টও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S036	S036.০০	শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস, লঞ্চ ও রেলওয়ে সার্ভিসঃ
	S036.১০	শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস সার্ভিসঃ ব্যাখ্যা।— “শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস সার্ভিস” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস, মিনিবাস বা কোষ্টারের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।
	S036.২০	শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল লঞ্চ সার্ভিসঃ ব্যাখ্যা।— “শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল লঞ্চ সার্ভিস” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল কেবিন বা কক্ষ বিশিষ্ট লঞ্চ বা টাইমারের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।
	S036.৩০	শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল রেলওয়ে সার্ভিসঃ ব্যাখ্যা।— “শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল রেলওয়ে সার্ভিস” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি এক বা একাধিক শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল কেবিন বা কক্ষ বিশিষ্ট ট্রেনের মাধ্যমে যাত্রী পরিবহণ ব্যবসায়ে নিয়োজিত।
S037	S037.০০	যোগানদার (Procurement Provider): ব্যাখ্যা।— “যোগানদার” অর্থ কোটেশন বা দরপত্র বা অন্যবিধভাবে বিভিন্ন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর নিকট পণের বিনিময়ে যে কোন পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

S038	So38.00	বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক :
		ব্যাখ্যা।— “বিদেশী শিল্পী সহযোগে বিনোদনমূলক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজক” অর্থ পথ বা সম্মানীর বিনিয়ময়ে বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী অথবা বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন শিল্পী সংস্থা সহযোগে মৃত্যু, সংগীত, ধ্যান শো, কনসার্ট বা অন্য যে কোন নামের বা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান, জলসা বা শো আয়োজন করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S039	So39.00	স্যাটেলাইট ক্যাবল অপারেটর ও স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর :
	S039.10	স্যাটেলাইট ক্যাবল অপারেটর :
		ব্যাখ্যা।— “স্যাটেলাইট ক্যাবল অপারেটর” অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট প্রোগ্রাম ছানপূর্বক তাহা ক্যাবল বা তারের মাধ্যমে বাণিজ্যিক ভিত্তিতে পথের বিনিয়ময়ে অফিস, বাড়ী, বাসস্থান, অন্যকোন স্থানে বা অঙ্গণে সংযোগদান করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
	S039.20	স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর :
		ব্যাখ্যা।— “স্যাটেলাইট চ্যানেল ডিস্ট্রিবিউটর” অর্থ ডিশ এন্টেনা বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট টিভি চ্যানেলের প্রোগ্রাম ছানপূর্বক তা ক্যাবল বা অন্য কোন মাধ্যমে স্যাটেলাইট ক্যাবল অপারেটর, অন্য কোন ব্যক্তি বা সংস্থাকে পথের বিনিয়ময়ে সংযোগদান করেন, উকুলপ প্রোগ্রাম ধরনের ঘন্টা বা অধিকার ধন্দাগ করেন অথবা যান্ত্রিক সংযোগ স্থান উকুলপ প্রোগ্রাম দর্শন বা প্রচারের অনুমতি দেন করেন এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা, যিনি বাংলাদেশে মূল চ্যানেল মালিকের প্রতিনিধিত্ব করেন।
S080	So80.00	সিকিউরিটি সার্ভিস :
		ব্যাখ্যা।— “সিকিউরিটি সার্ভিস” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে যে কোন স্থাবর বা তস্ত্বাবর চাষ্পাত্র, ডবন, কমপ্লেক্স, অংগন, অফিস বা অন্য যে কোন ধরণের ছানপাত্র বা কোন ব্যক্তিক বাসিস্থান নিরাপত্তা দিবানের জন্ম প্রদানী, কর্মী, ভৱনল বা যন্ত্রপাত্তি সরবরাহ করাক্ষেত্রে তোন ব্যক্তি বা প্রতিষ্ঠান।
S082	So82.00	স্বয়ংক্রিয় বা শুল্কান্তিক করাতকল :
		ব্যাখ্যা।— “স্বয়ংক্রিয় বা শুল্কান্তিক করাতকল” অর্থ স্বয়ংক্রিয় বা যন্ত্রপাত্তি করাত কল যাহাত দ্বাৰা কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান পথের বিনিয়ময়ে পাই, যাতে কাত বা ওড়ি বা শাখা প্রশাখা চের কৈ

কিংবা যে কোন ধরনের কাঠ কর্ণ, চেরাই, মসৃণ করার কাজ করিয়া থাকেন; এবং কাঠ সিজনিং প্লাটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

So88 So88.00

বিশেষজ্ঞ ডাক্তার :

ব্যাখ্যা।— “বিশেষজ্ঞ ডাক্তার” অর্থ চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে ডিপ্লোমা ও পোষ্টগ্রাজুয়েট ডিগ্রীধারী যেমনঃ মেডিসিন, সার্জেরী, গাইনোকোলজী ও অবস্টেট্রিক্স, নিউরোসাইরী, নিউরোমেডিসিন, নাক, কান ও মলা, চক্ষু, গ্যাস্ট্রোএন্টারোলজী, ইউরোলজী, কার্ডিলজী, ফিজিওথেরাপী, ডেনচিস্টি, সাইকিয়াট্রিসহ অন্য যে কোন বিষয়ে বিশেষজ্ঞ ডাক্তার যিনি এককভাবে কিংবা এক বা একাধিক জুনিয়র ডাক্তার সহযোগে পণের বিনিময়ে রোগীদের চিকিৎসা, ব্যবস্থাপত্র বা পরামর্শ প্রদান করেন।

So85 So85.00

আইন পরামর্শক :

ব্যাখ্যা।— “আইন পরামর্শক” অর্থ এমন কোন ব্যক্তি, আইনজীবী অথবা কতিপয় আইনজীবী সমন্বয়ে গঠিত যে কোন চেবার বা প্রতিষ্ঠান, যিনি এককভাবে কিংবা এক বা একাধিক জুনিয়র আইনজীবী সহযোগে নিজস্ব বাসভবনে অথবা এককভাবে কিংবা এক বা একাধিক জুনিয়র আইনজীবী সহযোগে অন্য কোথাও হাবিত চেবারে বা প্রতিষ্ঠানে কোন কৌজদারী পা দেওখানী প্রক্রিয়া মাঝে অথবা অন্য কোন বিষয়ে পণের বিনিময়ে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা বা কোম্পানীকে আইনসমূহ পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোপরভাবে উক্ত বিষয় সম্পর্কিত কার্যনির্বাহ করিয়া থাকেন।

So86 So86.00

হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার :

ব্যাখ্যা।— “হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার” অর্থ এমন কোন স্থান (খোলা বা আবক্ষ যাইছাই ইটক না কেন) যেখানে পণের বিনিময়ে শারীরিক মৌন্দৰ্য বৃদ্ধিকালে, শারীরিক গঠন ঠিক রাখার বা শারীরিক সমস্যা উপর্যুক্ত উদ্দেশ্যে শরীরচর্চা করানো হয় অথবা ঘৰুণাতি ও স্থানিক পুরুষ ইত্যাদি ব্যবহারের সুযোগ দেয়া হয় আবার উক্ত বিষয়ে বিশেষজ্ঞ পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করা হয়।

So87 So87.00

খেলাধূলা আয়োজক :

ব্যাখ্যা।— “খেলাধূলা আয়োজক” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি, বাণিজ্যিক ভিত্তিতে জাতীয় বা আন্তর্জাতিক প্রয়োগে প্রতিযোগিতামূলক খেলাধূলা প্রদর্শনার্থে দর্শকদের নিকট হইতে ফি, ট্রাকেট মূল্য বা কোন প্রকার বিনিময় মূল্য প্রদান করেন।

S088	S088.00	পরিবহণ ঠিকাদার :
		ব্যাখ্যা।— “পরিবহণ ঠিকাদার” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যারা বাণিজ্যিক ভিত্তিতে কোন সরকারী, আধাসরকারী সংস্থা, শ্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা কোম্পানী, এন.জি.ও বা লিমিটেড কোম্পানী-তে তালিকাভুক্ত হউক বা না হউক, পথের বিনিয়য়ে যে কোন পণ্য পরিবহণপূর্বক গন্তব্যস্থলে পৌছানোর দায়িত্ব পালন করেন।
S089	S089.00	যানবাহন ভাড়া প্রদানকারী :
		ব্যাখ্যা।— “যানবাহন ভাড়া প্রদানকারী” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পথের বিনিয়য়ে সরকারী, আধা সরকারী, শ্বায়ত্তশাসিত বা বেসরকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থাকে কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোষ্টার, মিনিবাস, ট্রেন, লক্ষ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোন নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন।
S090	S090.00	আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর ও গ্রাফিক ডিজাইনার :
	S090.10	আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর :
		ব্যাখ্যা।— “আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে, পথের বিনিয়য়ে বাসভবন, বাণিজ্যিক ভবন, অফিস, রাস্তা, সেতু, কালভার্ট, শৃঙ্খলসৌধ, ভাস্কুল, ওভারপ্রিজ, ফ্লাইওভার, শিক্ষা প্রতিষ্ঠানসহ যে কোন ধরনের অবকাঠামো নির্মাণের নকশা প্রণয়ন ও প্রযোজ্য ক্ষেত্রে যে কোন অবকাঠামোর ভিতরকার সৌন্দর্য বৃদ্ধিকালে ডিজাইন ও কস্ট এসিটিমেট প্রণয়ন অথবা তাহা বাস্তবায়ন করেন। অঙ্গীয়ার ভিত্তিতে কোন ভবনের অংশবিশেষের স্ট্রাকচার বা ডিজাইন পরিবর্তন সংক্রান্ত কার্যাদি ইহার অন্তর্ভুক্ত হইবে।
	S090.20	গ্রাফিক ডিজাইনার :
		ব্যাখ্যা।— “গ্রাফিক ডিজাইনার” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে, পথের বিনিয়য়ে মুদ্রণ, ইলেক্ট্রনিক বা চলচিত্র মাধ্যম (film media) ব্যবহারপূর্বক বিষয় (text) ও গ্রাফিক এর সমন্বয়ে দর্শনযোগ্য মাধ্যম (visual media) বা ডিজাইন, লোগো, গ্রাফিক, ট্রোশিউল, নিউজ লেটার, পোস্টার, সাইন, বিজনেস কার্ড, পোস্টকার্ড, ইনভিয়েস, পুস্তক, বা এ ধরনের অন্য কোন দর্শনযোগ্য পণ্য (visual communication) সৃষ্টি করেন।

S051	S051.00	ইঞ্জিনিয়ারিং ফার্ম :
		ব্যাখ্যা।— “ইঞ্জিনিয়ারিং ফার্ম” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অথবা যারা বাণিজ্যিক ভিত্তিতে, নির্দিষ্ট চার্জ, ফি বা পণের বিনিময়ে ভবন, রাস্তাধাট, সেতু, কালভার্ট, সৃতিসৌধ, ভাস্কর্য, ওভারলীজ, ফ্লাইওভারসহ যে কোন ধরনের অবকাঠামোগত ডিজাইন ও কষ্ট এস্টিমেট প্রণয়ন করেন অথবা উক্ত অবকাঠামোর নির্মাণ কাজ তদারকী বা বাস্তবায়ন করেন।
S052	S052.00	শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী :
		ব্যাখ্যা।— “শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী” অর্থ বাণিজ্যিক ভিত্তিতে, পণের বিনিময়ে কোন সামাজিক, দাঙ্গরিক, রাজনৈতিক বা যে কোন অনুষ্ঠানে বাবহারের উদ্দেশ্যে যে কোন ধরনের ইলেকট্রিক্যাল, ইলেকট্রোম্যাগনেটিক বা ইলেক্ট্রনিক শব্দ সরঞ্জাম অথবা আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S053	S053.00	বোর্ড সভায় যোগদানকারী :
		ব্যাখ্যা।— “বোর্ড সভায় যোগদানকারী” অর্থ এমন কোন ব্যক্তি যিনি কোন সরকারী, আধাসরকারী, বেসরকারী (এনজিও), বাংলাদেশে অবস্থিত আন্তর্জাতিক সংস্থা, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর বোর্ড বা বার্ধিক সাধারণ সভায় ফি বা সম্মানীর বিনিময়ে যোগদান করিয়া থাকেন।
S054	S054.00	উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী :
		ব্যাখ্যা।— “উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী” অর্থ এমন কোন উৎপাদনকারী বা সেবা প্রদানকারী যিনি তাহার প্রতিষ্ঠানে উৎপাদিত মূসক আরোপযোগ্য যে কোন পণ্য বা সেবার বিপণনের বা প্রচারণার উদ্দেশ্যে কোন বিজ্ঞাপন প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে বিজ্ঞাপন প্রস্তুতপূর্বক, পণের বিনিময়ে কোন জাতীয় বা আন্তর্জাতিক বা অথবা মহাকাশে স্থাপিত উপগ্রহ চ্যানেলের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করিয়া থাকেন।
S055	S055.00	ভূমি বিক্রয়কারী :
		ব্যাখ্যা।— “ভূমি বিক্রয়কারী” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি মেট্রোপলিটন, মিউনিসিপাল কর্পোরেশন বা পৌর এলাকার মাট্টীরপুঁজ্যানের আওতাভুক্ত এলাকায় অবস্থিত উত্তরাধিকার সূত্রে, ক্রয়সূত্রে বা অন্য যে কোন সূত্রে প্রাপ্ত ভূমি পণের বিনিময়ে অন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নিকট নিজে বা অন্যের মাধ্যমে বিক্রয় করেন। তবে ভূমি উন্নয়ন সংস্থা এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে না।
S056	S056.00	ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী :
		ব্যাখ্যা।— “ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী” অর্থ কোন

		বাংকিং, দেশীয় বা বিদেশী বাণিজ্যিক বাংক অথবা কোন অন্য বাংকিং আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থা যিনি কমিশন, ফি বা চার্জের বিনিময়ে বাংকিং বা নম বাংকিং সেবা যথা:- ঝণপত্র, বাংক গ্যারান্টি, ডিমাও ড্রাফট, পে-অর্ডার, টিটি, এমটি, কমিউনিটি, হ্যাঙ্গলিং ও আবেদনপত্র প্রক্রিয়াকরণসহ অন্যান্য সেবা (স্টক একচেপ্পে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়-বিক্রয় সংক্রান্ত সেবা ব্যৱৃত্তি) প্রদান করিয়া থাকেন।
S0৫৭	S0৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী :
		ব্যাখ্যা।— “বিদ্যুৎ বিতরণকারী” অর্থ এমন কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদিত অথবা ক্রৌত অথবা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত বিদ্যুৎ সরাসরি ভোকার নিকট পথের বিনিময়ে সরবরাহ করেন।
S0৫৮	S0৫৮.০০	চার্টেড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা :
		ব্যাখ্যা।— “চার্টেড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী সংস্থা” অর্থ এমন কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান বা সংস্থা যিনি পথের বিনিময়ে কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান বা সংস্থাকে চার্টের বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদান করেন।
S0৫৯	S0৫৯.০০	গ্লাসচীট প্রলেপকারী প্রতিষ্ঠান :
		ব্যাখ্যা।— “গ্লাসচীট প্রলেপকারী প্রতিষ্ঠান” অর্থ এমন বেন বাণিজ্যিক প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বাণিজ্যিক ভিত্তিতে পথের বিনিময়ে গ্লাসচীটের উপর নিজস্ব পুষ্টান্ত বা মেশিনারী দ্বারা প্রতিক্রিয়া কোটিং বা আন্তরণ বা প্রলেপ করান করেন এবং সরবরাহকারীর চাহিদা মোতাবেক সাইজ বা আকৃতি প্রদানের নিমিত্তে কাটিং কার্যও সম্পাদন করেন।
S0৬০	S0৬০.০০	নিলামকৃত পণ্যের ক্রেতা :
		ব্যাখ্যা।— “নিলামকৃত পণ্যের ক্রেতা” অর্থ এমন কোন বাণিজ্যিক প্রতিষ্ঠান বা সংস্থা যিনি অর্থের বিনিময়ে নিলাম ভাকের মাধ্যমে বা দরপত্র দ্বারা বা দরপত্র ছাড়া কোন সরকারী, আধাসরকারী, স্থায়ীভূষিত সংস্থা, ব্যাংক, বীমা, লিমিটেড কোম্পানী এর স্থাবর বা অস্থাবর সম্পত্তি বাণিজ্যিক বা বাণিগত ব্যবহারের উদ্দেশ্যে ক্রয় করিয়া থাকেন।
S0৬১	S0৬১.০০	ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান :
		ব্যাখ্যা।— “ক্রেডিট কার্ড প্রদানকারী প্রতিষ্ঠান” অর্থ এমন কোন ব্যাংক বা আর্থিক সংস্থা বা প্রতিষ্ঠান তদকৃত্ক নির্ধারিত ফি বা চার্জের বিনিময়ে, আর্থিক লেনদেনের সুবিধার্থে, ক্রেডিট কার্ড ইস্যু বা নবায়ন করিয়া থাকে।
S0৬২	S0৬২.০০	অর্থ বিনিময়কারী (মানি চেঙ্গার) প্রতিষ্ঠান :
		ব্যাখ্যা।— “অর্থ বিনিময়কারী (মানি চেঙ্গার) প্রতিষ্ঠান” অর্থ এমন কোন ব্যাংক, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি অর্থের বিনিময়ে

		সকল প্রকার বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় বা বিনিয়য় করিয়া থাকেন।
S063	S063.00	টেইলারিং সপ ও টেইলার্স :
		ব্যাখ্যা।— “টেইলারিং সপ ও টেইলার্স” অর্থ এমন কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি অর্থের বিনিয়য়ে যে কোন ধরনের পরিদেশ পোশাক বা সঙ্গ-সজ্জার জন্য কাপড় বা প্রক্রিয়াজাত চামড়া লা অনুকূল দ্রব্যাদি কাটিং, ডিজাইন ও সেলাই করেন।
S068	S068.10	এ্যামিউজমেন্ট পার্ক ও থিয়ে পার্কঃ
		ব্যাখ্যা।— “এ্যামিউজমেন্ট পার্ক ও থিয়ে পার্ক” অর্থ এমন কোন স্থান যেখানে পণের বিনিয়য়ে প্রবেশাধিকারসহ যান্ত্রিক খেলনা, বাইড, অবকাঠামো বা প্রদর্শনীর মাধ্যমে দর্শনার্থীদের জন্য বিনোদনের ব্যবস্থা করা হয়।
S068.20		পিকনিক স্পট, শুটিং স্পট ও পফটন স্থান বা ছাপনা:
		ব্যাখ্যা।— “পিকনিক স্পট, শুটিং স্পট ও পফটন স্থান বা ছাপনা” অর্থ প্রকৃতি প্রদর্শ অথবা লাভিজাক উদ্দেশ্যে বাবহাবের লক্ষ্যে পরিকল্পিতভাবে উন্নয়নকৃত কোন স্থান বা ছাপনা যাহা, অন্যকোন সেবা, সুবিধা বা উপযোগিতা প্রদান করা হউক বা না হউক, পণের বিনিয়য়ে ভাড়া দেওয়া হয় এবং ইজাৰা প্রদর্শ না হইলে কোন ঐতিহাসিক স্থান ও ইহার অন্তর্ভুক্ত হইবে।
S065	S065.00	ভবন, মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা:
		ব্যাখ্যা।— “ভবন, মেঝে ও অংগন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা” অর্থ পণের বিনিয়য়ে সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা লিমিটেড কোম্পানীর আন্তর্ভুক্তিক সংস্থার ভবন, মেঝে ও অংগন পরিষ্কারের কার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S066	S066.00	লটারীর টিকিট বিক্রয়কারীঃ
		ব্যাখ্যা।— “লটারীর টিকিট বিক্রয়কারী” অর্থ এমন কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান যিনি কমিশনের বিনিয়য়ে সকল প্রকার লটারীর টিকিট বিক্রয় করিয়া থাকেন।
S067	S067.00	ইমিনেশন উপদেষ্টাঃ
		ব্যাখ্যা।— “ইমিনেশন উপদেষ্টা” অর্থ এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বিদেশ গমন বা বিদেশী নাগরিকত্ব লাভের উদ্দেশ্যে পণের বিনিয়য়ে কোন ব্যক্তি বা সংস্থাকে কোন পরামর্শ প্রদানসহ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত বিষয় সম্পর্কিত কোন কার্যনির্বাহ করিয়া থাকেন।”
S068	S068.00	কোচিং সেন্টারঃ
		ব্যাখ্যা।— “কোচিং সেন্টার” অর্থ এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা যিনি পণের বিনিয়য়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি,

পরীক্ষায় উন্নত ফলাফল লাভ, বিদেশী ভাষা শিক্ষা এবং দক্ষতা অর্জন, চাকুরী পাওয়ার উদ্দেশ্য এবং প্রতিযোগি তামূলক পরীক্ষায় ভালো ফলাফলের জন্য এককভাবে কিংবা এক বা একাধিক সহযোগী সহযোগে যে কোন স্থানে বা সেন্টারে বা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী বা ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ বা পাঠদান করিয়া থাকেন। GMAT, GRE, TOEFL ও IELTS প্রশিক্ষণও ইহার অন্তর্ভুক্ত হইবে।

S ০৬৯	S ০৬৯.০০	ইংলিশ মিডিয়াম স্কুল :
		ব্যাখ্যা ।— “ইংলিশ মিডিয়াম স্কুল” অর্থ এইরূপ কোন শিক্ষা প্রতিষ্ঠান যেখানে পশের বিনিময়ে আন্তর্জাতিক পাঠক্রম অনুসারে ইংরেজী ভাষায় পাঠ দান করা হয়। জাতীয় শিক্ষাক্রম অনুসারে ইংরেজী মাধ্যমের (Version) শিক্ষা ইহার আওতা বহির্ভুত হইবে।
S ০৭০	S ০৭০.০০	বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ :
	S ০৭০.১০	বেসরকারী বিশ্ববিদ্যালয় :
		ব্যাখ্যা ।— “বেসরকারী বিশ্ববিদ্যালয়” অর্থ এইরূপ কোন বেসরকারী প্রতিষ্ঠান যেখানে পশের বিনিময়ে পাঠদান শেষে প্রাতক ও প্রাতকোত্তর ডিগ্রী প্রদান করা হইয়া থাকে।
	S ০৭০.২০	বেসরকারী মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ :
		ব্যাখ্যা ।— “বেসরকারী মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজ” অর্থ এইরূপ কোন বেসরকারী প্রতিষ্ঠান যেখানে পশের বিনিময়ে পাঠদান শেষে মেডিকেল বা ইঞ্জিনিয়ারিং বিষয়ে প্রাতক ও প্রাতকোত্তর ডিগ্রী প্রদান করা হইয়া থাকে।
S ০৭১	S ০৭১.০০	অনুষ্ঠান আয়োজক :
		ব্যাখ্যা ।— “অনুষ্ঠান আয়োজক” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, বাণিজ্যিক ভিত্তিতে অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের যে কোন ধরনের অনুষ্ঠান আয়োজনে সহায়তা করে থাকেন।
S ০৭২	S ০৭২.০০	মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান :
		ব্যাখ্যা ।— “মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা” অর্থ কোন সরকারী, বেসরকারী, প্রায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা লিমিটেড কোম্পানীতে সুনির্দিষ্ট কাজ সম্পাদনের লক্ষ্যে বা সামগ্রিক ব্যবস্থাপনার লক্ষ্যে চুক্তির ভিত্তিতে পশের বিনিময়ে দক্ষ, অদক্ষ জনশক্তি সরবরাহ বা দাঙ্গরিক সেবা প্রদানকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।
S ০৭৩	S ০৭৩.০০	জনশক্তি রপ্তানিকারী প্রতিষ্ঠান :
		ব্যাখ্যা ।— “জনশক্তি রপ্তানিকারী প্রতিষ্ঠান” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, জনশক্তি বা কর্মসংস্থান ব্যরো বা সমজাতীয় অন্য কোন কর্তৃপক্ষের অধীনে

তালিকাভুক্ত/নির্বাচিত ইইয়া বাংলাদেশ হইতে বিদেশে কিংবা বিদেশ হইতে বাংলাদেশে লোকবল নিয়োগে বিভিন্ন দণ্ডেরের মধ্যে সমন্বয় সাধনসহ কমিশন/চার্জ/ফি এর বিনিময়ে ভিসা প্রসেসিং ও অন্যান্য দাঙ্গরিক সেবা প্রদান করেন।

S078	S078.00	স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারীঃ ব্যাখ্যা।— “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” অর্থ পশের বিনিময়ে কোন স্থান বা স্থাপনা কোন নির্দিষ্ট মেয়াদের জন্য বাণিজ্যিকভাবে ব্যবহার করার অধিকারী কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। নির্দিষ্ট মেয়াদাতে নবায়নযোগ্য উৎকর্প সুবিধা অর্জনও ইহার অন্তর্ভুক্ত হইবে। তবে সম্পূর্ণ আবাসিক কাজে ব্যবহারের জন্য প্রদত্ত সুবিধা এবং বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত অনধিক ১৫০ বর্গফুট আয়তনের কোন স্থাপনা ইহার অন্তর্ভুক্ত হইবে না।
S075	S075.00	স্টক ও সিকিউরিটি ব্রোকারঃ ব্যাখ্যা।— “স্টক ও সিকিউরিটি ব্রোকার” অর্থ কমিশনের বিনিময়ে কোন বেনিফিসিয়ারী ওনার’স একাউন্টসধারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে শেয়ার ক্রয়-বিক্রয় কার্যে নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংস্থা।
S076	S076.00	সামাজিক ও খেলাধুলা বিষয়ক ক্লাবঃ ব্যাখ্যা।— “সামাজিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব” অর্থ গলফ ক্লাব, রেসিং প্রেস, ফুটইং ক্লাব, ড্রাইভিং ক্লাবসহ এমন কোন সামাজিক অথবা খেলাধুলা বিষয়ক সংগঠন বা সংস্থা বা প্রতিষ্ঠান যাহার সদস্যপদ গ্রহণ করিতে হইলে ১০,০০০/- টাকার উর্ধ্বে ফি প্রদান করিতে হয় অথবা মাসিক ৫০০/- টাকার উর্ধ্বে চৌদা প্রদান করিতে হয় এবং যেখানে পশের বিনিময়ে অন্যান্য সেবা সরবরাহ করা হয়। তবে ফুটবল, ক্রিকেট, ইস্কি, ভলিবল, কাবাড়ি, বাক্সেটবল, হ্যান্ডবল ইত্যাদি খেলাসহ অলিম্পিক গেমসের অন্তর্ভুক্ত সকল ইভেন্ট ইহার আওতা বহির্ভূত হইবে।
S077	S077.00	ট্যুর অপারেটরঃ ব্যাখ্যা।— “ট্যুর অপারেটর” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, বাণিজ্যিক ভিত্তিতে অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের দেশে বা বিদেশে যে কোন ধরনের প্রযুক্তি আয়োজনে সহায়তা করে থাকেন।
S078	S078.00	নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপন্নন কেন্দ্রঃ ব্যাখ্যা।— “নিজস্ব ব্রান্ড সম্বলিত তৈরী পোশাক বিপন্নন কেন্দ্র” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, নিজস্ব ব্রান্ড বা ট্রেডমার্ক ব্যবহার করিয়া পরিধেয় পোশাক নিজস্ব অথবা চুক্তিভিত্তিক কারিগরের দ্বারা উৎপাদন অথবা আমদানি করিয়া নিজস্ব শো-ক্রম বা বিপন্নন কেন্দ্র থেকে পশের বিনিময়ে বিক্রয় করেন।

৫৮৩০

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, জুন ১০, ২০১০

S০৯৯	S০৯৯.০০	বিবিধঃ
		ব্যাখ্যা।— “বিবিধ” অর্থ এই প্রজ্ঞাপনে সংজ্ঞায়িত করা হয়নি এমন কোন সেবা যা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিলের অন্তর্ভুক্ত নয় এবং একই আইনের ধারা ১৪ অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত নয়, তাহা এই সেবার কোডের অন্তর্ভুক্ত হইবে।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[এ. কে. এম. মাহবুবুর রহমান]
দ্বিতীয় সচিব (মুসক নীতি ও বাজেট)